# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | বডি সাইজ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ০১ | শরীর থেকে জামার মাপ নেওয়ার নিয়ম | | ০১ |
| ০২ | পুরাতন জামান মাপ নেওয়ার নিয়ম | | ০২ |
| ০৩ | বডি অনুযায়ী সকল জামার সূত্র | | ০৩ |
| ০৪ | শরীর থেকে সালয়ারের মাপ নেওয়ার নিয়ম | | ০৪ |
| ০৫ | পুরাতন সালোয়ার কাটিং সূত্র | | ০৫ |
| ০৬ | ইঞ্চি ফিতার হিসাব | | ০৬ |
| ০৭ | কাপড়েরর গজ ও গিরার সহজ হিসাব | | ০৭ |
| ০৮ | নতুনদের সেলাই প্র্যাকটিসের নিয়ম | | ০৮ |
| ০৯ | ডিজাইন হাতা কাটিং নিয়ম | | ০৯ |
| ১০ | কামিজ কাটিং গোল গোলা | ৩২ থেকে ৫০ সাইজ | ১০-১৮ |
| ১১ | নায়রা কামিজ কাটিং গোল গোলা | ৩২ থেকে ৫০ সাইজ | ১৯-২৭ |
| ১২ | সাধারণ গোল জামা কাটিং গোল গোলা | ৩২ থেকে ৫০ সাইজ | ২৮-৩৬ |
| ১৩ | গাউন গোল জামা কাটিং গোল গোলা | ৩২ থেকে ৫০ সাইজ | ৩৭-৪৫ |
| ১৪ | আমব্রেলা ফ্রক কাটিং গোল গোলা | ৩২ থেকে ৫০ সাইজ | ৪৬-৫৪ |
| ১৫ | প্যান্ট পায়জামা কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৫৫-৫৮ |
| ১৬ | কল্লি সিস্টেম প্যান্ট পায়জামা কাটিং | ৪২ থেকে ৫০ সাইজ | ৫৯-৬০ |
| ১৭ | প্লাজো কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৬১-৬৩ |
| ১৮ | কল্লি সিস্টেম প্লাজো কাটিং | ৪২ থেকে ৫০ সাইজ | ৬৪-৬৫ |
| ১৯ | সাধারণ চুরি পায়জামা কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৬৬-৬৮ |
| ২০ | কল্লি সিস্টেম চুরি পায়জামা কাটিং | ৪২ থেকে ৫০ সাইজ | ৬৯-৭০ |
| ২১ | সারারা সালোয়ার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৭১-৭৪ |
| ২২ | কল্লি সিস্টেম সারারা সালোয়ার কাটিং | ৪২ থেকে ৫০ সাইজ | ৭৫-৭৬ |
| ২৩ | ধুতি সালোয়ার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৭৭-৮২ |
| ২৪ | বেল সিস্টেম প্যান্ট কাট সালোয়ার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৮৩-৮৬ |


সূচিপত্র প্রথম পাঠ

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | বডি সাইজ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ২৫ | কল্লি সিস্টেম প্যান্ট কাট সালোয়ার কাটিং | ৪২ থেকে ৫০ সাইজ | ৮৭-৮৮ |
| ২৬ | চুরিদার সালোয়ার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ৮৯-৯৪ |
| ২৭ | সাধারণ সালোয়ার কাটিং | ৩২ থেকে ৪২ সাইজ | ৯৫-৯৭ |
| ২৮ | কল্লি সিস্টেম সাধারণ সালোয়ার কাটিং | ৪০ থেকে ৫০ সাইজ | ৯৮-৯৯ |
| ২৯ | স্কার্ট প্লাজো কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১০০-১০৪ |
| ৩০ | বেল সিস্টেম স্কার্ট প্লাজো কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১০৫-১০৯ |
| ৩১ | গোল গলা ম্যাক্সি কাটিং | ৩৩ থেকে ৫০ সাইজ | ১১০-১১৬ |
| ৩২ | টাইটানিক ম্যাক্সি | ৩৩ থেকে ৫০ সাইজ | ১১৭-১২৪ |
| ৩৩ | বক্স গলা ম্যাক্সি | ৩৩ থেকে ৫০ সাইজ | ১২৫-১৩০ |
| ৩৪ | ফিতা সিস্টেম ম্যাক্সি | ৩৫ থেকে ৪৮ সাইজ | ১৩১-১৩৬ |
| ৩৫ | ব্রেসিয়ার ম্যাক্সি | ৩৩ থেকে ৫০ সাইজ | ১৩৭-১৪২ |
| ৩৬ | রাবার সিস্টেম ম্যাক্সি | ৩৪ থেকে ৫০ সাইজ | ১৪৩-১৪৮ |
| ৩৭ | ছয় সেট পেটিকোট কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১৪৯-১৫৮ |
| ৩৮ | গোল ছায়া কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১৫৯-১৬২ |
| ৩৯ | সাধারণ ব্লাউজ কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১৬৩-১৭২ |
| ৪০ | প্রিন্সেস ব্লাউজ কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১৭৩-১৮১ |
| ৪১ | ব্রা কাট ব্লাউজ কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ১৮২-১৯০ |
| ৪২ | কলার ব্লাউজ কাটিং | ৩২ থেকে ৪৭ সাইজ | ১৯১-১৯৮ |
| ৪৩ | দুই কুচি বোরকা কাটিং | ৩২ থেকে ৫৮ সাইজ | ১৯৯-২০৭ |
| ৪৪ | কোট কলার বোরকার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ২০৮-২১৬ |
| ৪৫ | আবায়া বোরকা কাটিং | ৩৩ থেকে ৫০ সাইজ | ২১৭-২২৫ |
| ৪৬ | এডজাস্ট কটি বোরকা কাটিং | ৩৩ থেকে ৪৮ সাইজ | ২২৬-২৪১ |
| ৪৭ | বক্স কুচি বোরকা | ৩৩ থেকে ৫০ সাইজ | ২৪২-২৫০ |
| ৪৮ | দুই হাত বহরের কাপড় দিয়ে হিজাব কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ২৫১-২৫২ |


## সূচিপত্র দ্বিতীয় পাঠ

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | বডি সাইজ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ৭৩ | বালিশ কভার কাটিং | | ৪২৮ |
| ৭৪ | কোল বালিশের কভার কাটিং | | ৪২৯ |
| ৭৫ | খাটের মাপে মশারি কাটিং | | ৪৩০ |
| ৭৬ | বাচ্চাদের হাঁফ শার্ট কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৩১-৪৩৬ |
| ৭৭ | বাচ্চাদের পাঞ্জাবি কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৩৭-৪৪২ |
| ৭৮ | বাচ্চাদের ফতুয়া কাটিং | ১ থেকে ৬ বছর | ৪৪৩-৪৪৫ |
| ৭৯ | বাচ্চাদের জুব্বা কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৪৬-৪৫০ |
| ৮০ | বাচ্চাদের কাপ্তান কাটিং | ১ থেকে ৮ বছর | ৪৫১-৪৫৪ |
| ৮১ | বাচ্চাদের হিজাব কাটিং | ২ থেকে ১০ বছর | ৪৫৫-৪৫৮ |
| ৮২ | বাচ্চাদের কুচি বোরকা কাটিং | ২ থেকে ১০ বছর | ৪৫৯-৪৬২ |
| ৮৩ | বাচ্চাদের জন্য সাধারণ গোল জামা কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৬৩-৪৬৭ |
| ৮৪ | বাচ্চাদের জন্য রুমাল স্টাইল কুচি ফ্রক কাটিং | ১ থেকে ৬ বছর | ৪৬৮-৪৭০ |
| ৮৫ | বাচ্চাদের গোল ফ্রক কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৭১-৪৭৬ |
| ৮৬ | বাচ্চাদের টাইটানিক জামা কাটিং | ১ থেকে ১০ বছর | ৪৭৭-৪৮১ |
| ৮৭ | বাচ্চাদের প্যান্ট সিস্টেম পায়জামা | ১ থেকে ১০ বছর | ৪৮২-৪৮৬ |
| ৮৮ | বাচ্চাদের চুরি সালোয়ার | ১ থেকে ১০ বছর | ৪৮৭-৪৯১ |
| ৮৯ | বাচ্চাদের ধুতি সালোয়ার | ১ থেকে ১০ বছর | ৪৯২-৪৯৬ |
| ৯০ | বাচ্চাদের থ্রি কোয়ার্টার হাফ প্যান্ট কাটিং | ১ থেকে ৬ বছর | ৪৯৭-৪৯৮ |
| ৯১ | মেয়ে বাচ্চাদের হাঁফ প্যান্ট কাটিং | ১ থেকে ৬ বছর | ৪৯৯-৫০০ |
| ৯২ | ছেলে বাচ্চাদের হাঁফ প্যান্ট কাটিং | ১ থেকে ৭ বছর | ৫০১-৫২২ |
| ৯৩ | সেলাই মেশিনের বিভিন্ন অংশ | | ৫০৩ |
| ৯৪ | নতুনদের জন্য সেলাই মেশিন চালানো শেখার সহজ | | ৫০৪ |
| ৯৫ | সেলাই মেশিনের বিভিন্ন সমস্যা সমাধান | | ৫০৫ |
| ৯৬ | ডিজাইন গলার ক্যাটালগ | | ৫০৬-৫১২ |


# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | বডি সাইজ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ৪৯ | আড়াই হাত বহরের কাপড় দিয়ে হিজাব | ৪২ থেকে ৫০ সাইজ | ২৫৩ |
| ৫০ | খিমার কাটিং | ৩২ থেকে ৫০ সাইজ | ২৫৪ |
| ৫১ | কামিজ কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ২৫৫-২৬৩ |
| ৫২ | গাউন গোল জামা (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ২৬৪-২৭২ |
| ৫৩ | নায়রা কামিজ কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ২৭৩-২৮১ |
| ৫৪ | সাধারণ গোল জামা কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ২৮২-২৯০ |
| ৫৫ | বাংলালিংক কামিজ কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ২৯১-৩০০ |
| ৫৬ | ছয় ছেট গোল জামা কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ৩০১-৩১০ |
| ৫৭ | আমব্রেলা ফ্রক কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৫০ সাইজ | ৩১১-৩১৯ |
| ৫৮ | থ্রি লেয়ার গোল জামা কাটিং (ডিজাইন গলা) | ৩২ থেকে ৪৮ সাইজ | ৩২০-৩২৮ |
| ৫৯ | আলেয়া গোল জামা কাটিং (ডিজাইন গলা) | ৩৩ থেকে ৪৮ সাইজ | ৩২৯-৩৩৬ |
| ৬০ | কলার কামিজ কাটিং | ৩৪ থেকে ৪৮ সাইজ | ৩৩৭-৩৪৫ |
| ৬১ | কলার নায়রা কামিজ কাটিং | ৩২ থেকে ৪৮ সাইজ | ৩৪৬-৩৫৩ |
| ৬২ | কলার গোল জামা কাটিং | ৩২ থেকে ৪৮ সাইজ | ৩৫৪-৩৬১ |
| ৬৩ | কলার গাউন গোল জামা কাটিং | ৩২ থেকে ৪৮ সাইজ | ৩৬২-৩৬৯ |
| ৬৪ | কলার কুর্তি জামা কাটিং | ৩২ থেকে ৪৬ সাইজ | ৩৭০-৩৭৬ |
| ৬৫ | কাপ্তান কাটিং | ৩০ থেকে ৫০ সাইজ | ৩৭৭-৩৮০ |
| ৬৬ | এফরন কাটিং | ৩২ থেকে ৪৮ সাইজ | ৩৮১-৩৮৯ |
| ৬৭ | হাফ শার্ট কাটিং | ৩০ থেকে ৪২ সাইজ | ৩[illegible]০-৩[illegible]৫ |
| ৬৮ | ফুল শার্ট কাটিং | ৩০ থেকে ৪২ সাইজ | ৩৯৬-৪০০ |
| ৬৯ | কুচি ছাড়া প্যান্ট কাটিং | ২৫ থেকে ৩৮ সাইজ | ৪০১-৪০৮ |
| ৭০ | কুচি প্যান্ট কাটিং | ২৫ থেকে ৩২ সাইজ | ৪০৯-৪১৩ |
| ৭১ | পাঞ্জাবী কাটিং | ৩০ থেকে ৪২ সাইজ | ৪১৪-৪২০ |
| ৭২ | জুব্বা কাটিং | ৩০ থেকে ৪২ সাইজ | ৪২১-৪২৭ |


সূচিপত্র তৃতীয় পাঠ

# ৩ থেকে ৪ বছর বাচ্চার গোল ফ্রক কাটিং

বিশেষ নির্দেশনা এই জামা তৈরি করতে ১.৫ গজ কাপড় নিবেন। এরপর সম্পূর্ণ কাপড়টি চার পাটে ভাঁজ করুন। এরপর কাপড়ের আটকানো পাশে দাঁড়িয়ে চিত্র দেখে প্রয়োজনীয় সকল মাপ নিয়ে কাটিং করুন।চাইলে ফুল হাতা, থ্রি-কোয়ার্টার বা বিভিন্ন স্টাইলের হাফ হাতা দিতে পারেন। আবার হাতা ছাড়া বানালেও হবে। হাতা ছাড়া বানালে আরমহলে চিকন পাইপিং দিন। ছোট বাচ্চাদের জামার পিছনের গলায় চেইন বা বোতাম সেট করবেন





| মাপ |
|---|
| ১/ লম্বা: ২০ বা ২২ ইঞ্চি। |
| ২/ বডি : ২৩ বা ২৪ ইঞ্চি । |
| ৩/ কমর: ২১ বা ২২ ইঞ্চি । |
| ৪/ হাতার লম্বা: ৪ ইঞ্চি। |
| ৫/ হাফ বডি: ৯ ইঞ্চি। |



এই জামার লম্বা ২০ থেকে ২২ ইঞ্চি ধরা হয়েছে, যা সাধারণ ভাবে ৩ থেকে ৪ বছর বয়সী বাচ্চাদের জন্য উপযুক্ত। বাচ্চার বয়স অনুযায়ী এই মাপ দেওয়া হয়েছে। এই মাপ বাস্তব অভিজ্ঞতা ও গড় শরীরের গঠনের ভিত্তিতে নির্ধারিত। তবে প্রতিটি বাচ্চার উচ্চতা ও গঠন ভিন্ন হতে পারে। তাই বাচ্চার পুরনো জামা দেখে অথবা সরাসরি মাপ নিয়ে কাজ করুন।


# ৬ থেকে ৭ বছর বাচ্চার কুচি বোরকা কাটিং

বিশেষ নির্দেশনাঃকাপড় লাগবে ২ গজ ৬ গিরা প্রথমে ১ বহর থেকে ৪ ভাঁজ করে হাফ বডি কাটিং করবেন এরপর বাকি কাপড় ৪ ভাঁজ করবেন নিচের কুঁচির অংশ বাদ রেখে মাঝখানের ঘের কাটিং করবেন এরপর মাঝখানের পার্ট যতটুকু আছে তার দ্বিগুণ পরিমাণ কুচির কাপড় নিবেন আর ছোট বাচ্চাদের জামা বা বোরকায় পিছনের গলায় চেইন বা বোতাম সেট করবেন





| মাপ |
|---|
| ১/ লম্বাঃ ৩১ বা ৩৩ ইঞ্চি। |
| ২/ বডিঃ ২৬ বা ২৭ ইঞ্চি। |
| ৩/ কমরঃ ২৪ বা ২৫ ইঞ্চি। |
| ৪/ হাতার লম্বাঃ১৫ বা ১৬ ইঞ্চি। |
| ৫/ হাতার মুখঃ ৪ ইঞ্চি। |
| ৬/ হাফ বডিঃ ১২ ইঞ্চি। |






এই বোরকার লম্বা ৩১ থেকে ৩৩ ইঞ্চি ধরা হয়েছে, যা সাধারণ ভাবে ৬ থেকে ৭ বছর বয়সী বাচ্চাদের জন্য উপযুক্ত। বাচ্চার বয়স অনুযায়ী এই মাপ দেওয়া হয়েছে। এই মাপ বাস্তব অভিজ্ঞতা ও গড় শরীরের গঠনের ভিত্তিতে নির্ধারিত। তবে প্রতিটি বাচ্চার উচ্চতা ও গঠন ভিন্ন হতে পারে। তাই বাচ্চার পুরনো জামা দেখে অথবা সরাসরি মাপ নিয়ে কাজ করুন।

# ফুল শার্ট কাটিং ৩০ থেকে ৩২ ইঞ্চি বডির

বিশেষ নির্দেশনা: ফুল হাতা শার্ট তৈরি করতে জাপান টর কাপড় প্রায় ১ গজ ১৪ গিরা লাগবে। চাইলে বিভিন্ন শার্টের পিসও ব্যবহার করা যায়।এখানে দেওয়া মাপ সাধারণভাবে মানুষের গড় শারীরিক গঠন অনুযায়ী নির্ধারিত হয়েছে। তবে মনে রাখবেন, প্রত্যেক মানুষের শরীরের গঠন এক নয়—কেউ একটু পাতলা, কেউ বা ভারী, কারো কাঁধ চওড়া, আবার কারো কোমর সরু। তাই যার জন্য পোশাকটি তৈরি করবেন, তার শরীরের আসল মাপ নিয়ে কাটিং করা সবসময়ই উত্তম।




| মাপ। |
|---|
| ১/ লম্বা ২৬ বা ২৭ ইঞ্চি। |
| ২/ বডি ৩০ বা ৩২ ইঞ্চি |
| ৩/ পুট ১৬ বা ১৬.৫ ইঞ্চি |
| ৪/ ফুল হাতা ২৩ বা ২৪ ইঞ্চি |
| ৫ / হাতার কফ ৯ ইঞ্চি |
| ৬/ কলার ১৩ বা ১৪ ইঞ্চি |




হাতা জয়েন করার সময় যদি বডির পাটের মহড়া ছোট হয় তাহলে বডির পাট কেটে নিয়ে হাতার সাথে মিল করবেন












# ৩৫ থেকে ৩৬ ইঞ্চি বডির পাঞ্জাবি কাটিং

বিশেষ নির্দেশনা:পাঞ্জাবির জন্য  জাপান টর কাপড় লাগবে ২.৫ গজ। প্রথমে সামনের পাট ১৩ ইঞ্চি পরিমাণ ভাঁজ দিয়ে কাটিং করুন । পিছনের পাটের  কাপড়টি একই ভাবে ভাঁজ করে সামনের পাট উপরে বসিয়ে শুধু লম্বার দিকে পিছনের পাট ঘাড়ের দিকে ১ ইঞ্চি বড় হবে এবং  পিছনের পাট এবং সামনের পাঠ দুই পাটেই  ১.৫ ইঞ্চি করে সোল্ডারের ডাউন হবে বড়দের ক্ষেত্রে


| মাপ। |
| --- |
| ১/ লম্বা ৪০ বা ৪২ ইঞ্চি। |
| ২/ বডি ৩৫ বা ৩৬ ইঞ্চি |
| ৩/ পুট ১৭ বা ১৭.৫ ইঞ্চি |
| ৪/ হাতা ২১ বা ২২ ইঞ্চি |
| ৫ / হাতার মুখ ৫.৫ ইঞ্চি |
| ৬/ কলার ১৬ বা ১৬.৫ ইঞ্চি |




# কুচি ছাড়া প্যান্ট কাটিং ৩৫ থেকে ৩৬ ইঞ্চি কোমরের জন্য

বিশেষ নির্দেশনা:ছেলেদের কুচি ছাড়া ফুলপ্যান্ট কাটিং করার জন্য ১ গজ ৪ গিরা প্যান্টের কাপড় লাগবে প্রথমে সামনের পাট কাটিং করবেন কাপড়টি ২ পাটে ভাজ করে পাইরের অংশ খোলা সাইটে দাঁড়িয়ে প্রথমে একটি মার্জেন করার পর কোমরের বেল্ট এর জন্য এক ইঞ্চি বাদ দিয়ে লম্বার মাপ নিবেন এরপর অতিরিক্ত নিচের ভাঁজের জন্য ২ ইঞ্চি কাপড় রাখবেন

| মাপ |
|---|
| ১/ লম্বা ৩৬ বা ৩৭ ইঞ্চি। |
| ২/ কোমর ৩৫ বা ৩৬ ইঞ্চি। |
| ৩/ হিপ ৩৮ বা ৩৯ ইঞ্চি। |
| ৪/ থাই ২৬ বা ২৭ ইঞ্চি। |
| ৫/ রানের লুজ ২৫.৫ বা ২৬ ইঞ্চি |
| ৬/ পায়ের মুখ ১৪ ইঞ্চি। |










# শার্টের মাপ নেওয়ার নিয়ম

বিশেষ নির্দেশনা: ছেলেদের শার্ট কাটিং-এর গুরুত্বপূর্ণ বিষয় হলো সঠিক ভাবে মাপ নেওয়া। মানুষের বডি থেকে পুরাতন শার্ট গায়ে দেওয়া অবস্থায়, শরীর ফিটিং মাপ নিয়ে, লুজ দিয়ে শার্ট কাটিং করতে হয় যিনি শার্ট পরবেন তার লম্বার মাপ: কাঁধ থেকে নিচের দিকে প্রয়োজন অনুযায়ী সোজা লম্বা মাপ নিন।



বডির মাপ: সব চেয়ে চওড়া অংশে ফিতে ঘুরিয়ে ফিটিং মাপ নিন। এরপর ডান পাশের হাতার মোহরার জয়েন থেকে বাম পাশের হাতার মোহরার জয়েন পর্যন্ত পুটের মাপ নিতে হবে .এমনভাবে মাপ নিবেন যাতে পুটের মাপ হাতার একদম নিচে ঝুলে না পড়ে, আবার একদম ওপরে উঠেও না যায়


হাতার মাপ: পুটের মাপ যেখানে শেষ হবে, সেখান থেকে হাতার নিচের দিকে কব্জি পর্যন্ত প্রয়োজন অনুযায়ী হাতার লম্বার মাপ নিন। এরপর শার্টের কলারের মাপ গলার চতুর্দিকে ফিতে ঘুরিয়ে ফিটিং মাপের থেকে ১ ইঞ্চি লুজ দিবেন।



এরপর শার্টের প্রথমে সামনের পাট কাটিং করতে হবে। প্রথমে বোতাম প্লেটের জন্য ২ ইঞ্চি অতিরিক্ত কাপড় রাখবেন। এরপর লম্বার মাপ থেকে ১ ইঞ্চি অতিরিক্ত কাপড় রাখবেন। বড়দের শার্টে সোল্ডার ডাউন ২.৫ ইঞ্চি দিবেন।

আরমহলের মাপ: বডির ফিটিং মাপকে ৪ ভাগ করে ১ ভাগ নিন। সোল্ডার ডাউনের মাপ সহ। পুটের মাপ: পুটের মাপকে ২ ভাগ করে ১ ভাগ করুন। এরপর সেলাইয়ের জন্য অতিরিক্ত ২ দাগ বেশি নিবেন

শার্টের লুজ বডির ফিটিং মাপকে ৪ ভাগ করে ১ ভাগ করুন। এরপর সেলাইসহ ১.৫ ইঞ্চি লুজ দিলে ফিটিং সাইজের শার্ট হবে। আর ২ ইঞ্চি লুজ দিলে লুজ সাইজের শার্ট হবে।






শার্টের নিচের লুজ বডির ফিটিং মাপকে ৪ ভাগ করে ১ ভাগ করুন। এরপর সেলাইসহ ১.৫ ইঞ্চি লুজ দিলে ফিটিং সাইজের শার্ট হবে। আর ২ ইঞ্চি লুজ দিলে লুজ সাইজের শার্ট হবে। হাফ শার্ট হলে নিচের দিক গোল রাখবেন। ফুল শার্ট হলে নিচে চাইনিজ কার্ভ/কার্ড দিন।

তালপাট কাটিং: হাফ শার্ট বা ফুল শার্ট, যেটাই হোক, হাতা ও বডির সামনের পাটে তালপাট দিতে হব। পকেটের অবস্থান: সোল্ডার থেকে ৮.৫ ইঞ্চি নিচে পকেট বসাতে হবে। সবচেয়ে ভালো ফিটিং পেতে হলে যার জন্য শার্ট বানাবেন, তার গায়ে পড়ানো অবস্থায় সরাসরি মাপ নিয়ে কাটিং করুন।

# কুর্তি জামা কাটিং৩৮ থেকে ৩৯ ইঞ্চি বডির


**বিশেষ নির্দেশনা:** কাপড়ের পরিমাণ ২ হাত বহরের কাপড় অথবা ২.৫ হাত বহরের কাপড় লাগবে ৩ গজ প্রথমে সম্পূর্ণ কাপড়টি ৪ পাটে ভাঁজ করতে হবে এবং আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে।সাধারণ জামার মত সকল মাপ ঠিক রেখে শুধু কিছু মাপ পরিবর্তন। সামনের পাট থেকে পিছনের পাট ১ ইঞ্চি বড় হবে।সামনের পাটে বোতাম হবে এবং নিচের দিকে একটু ফারা থাকবে






| মাপ |
|---|
| ১/ লম্বা: ৩৭ বা ৩৮ ইঞ্চি। |
| ২/ বডি: ৩৮ বা ৩৯ ইঞ্চি। |
| ৩/ কমর: ৩৩ বা ৩৪ ইঞ্চি। |
| ৪/ হাতার লম্বা: ১৬ বা ১৭ ইঞ্চি। |
| ৫/ হাতার মুখ: ৫ ইঞ্চি। |
| ৬/ হাফ বডি: ১৪ বা ১৫। |



# ফুল কলার কামিজ কাটিং ৩৮ থেকে ৩৯ ইঞ্চি বডির


**বিশেষ নির্দেশনা:** কাপড়ের পরিমান দুই হাত অথবা আড়াই হাত বহরের কাপড় লাগবে ২.৫ গজ। প্রথমে সম্পূর্ণ কাপড়টি লম্বায় দুই পাটে ভাঁজ করতে হবে।এর পর নিচের ঘেরের মাপ অনুযায়ী, অথবা এই বডির মাপ অনুযায়ী ১১ ইঞ্চি পরিমাণ সামনের দিকে ভাঁজ দিয়ে ৪ পাট করতে হবে, এবং আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে, এবং কামিজ কাটিং এর পর সাইটের বাড়তি কাপড় জয়েন দিয়ে হাতা তৈরি করতে হবে।সাধারণ জামার মত সকল মাপ ঠিক রেখে শুধু কিছু মাপ পরিবর্তন করে কলার দিতে হবে নিচের ড্রয়িং অনুযায়ী কাটিং করলে সকল ধরনের কলার দিয়ে তৈরি করতে পারবেন






| মাপ |
| --- |
| ১/ লম্বা: ৪০ বা ৪২ ইঞ্চি। |
| ২/ বডি: ৩৮ বা ৩৯ ইঞ্চি। |
| ৩/ কোমর: ৩২ বা ৩৪ ইঞ্চি। |
| ৪/ হিপ: ৩৮ বা ৩৯ ইঞ্চি। |
| ৫/ হাতার লম্বা: ১৬ বা ১৭ ইঞ্চি। |
| ৬/ হাতার মুখ: ৫ ইঞ্চি। |


















# ৩৪থেকে ৩৫ ইঞ্চি বডির গাউন গোল জামা


**বিশেষ নির্দেশনা:** কাপড়ের পরিমাণ ২ হাত বহরের কাপড় অথবা ২.৫ হাত বহরের কাপড় লাগবে ৪ গজ প্রথমে ১৫ ইঞ্চি হাফ বডি কাটিং করবেন, এরপর হাতার কাপড় বের করবেন। এরপর সম্পূর্ণ কাপড় ২ পাটে ভাজ করে কোনা করে ৪ ভাজ করবেন।২ হাত বহরের কাপড় দিয়ে তৈরি করলে নিচে গেরে জয়েন হবে।





| মাপ |
| --- |
| ১/ লম্বা: ৪৩ বা ৪৪ ইঞ্চি। |
| ২/ বডি: ৩৪ বা ৩৫ ইঞ্চি। |
| ৩/ কমর: ২৯ বা ২৯.৫ ইঞ্চি। |
| ৪/ হাতার লম্বা: ১৬ বা ১৭ ইঞ্চি। |
| ৫/ হাতার মুখ: সাড়ে ৪ ইঞ্চি। |
| ৬/ হাফ বডি: ১৪ বা ১৫ ইঞ্চি। |






# ৩২ থেকে ৩৪ ইঞ্চি বডির জন্য প্লাজো কাটিং

**বিশেষ নির্দেশনা:** প্লাজোর কাপড় লাগবে ২ গজ ৪ গিরা। প্রথমে সম্পূর্ণ কাপড়টি ৪ ভাঁজ করতে হবে ভাঁজ করার পরে কাপড়ের আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে। প্রথমেই রাবার ভাঙার জন্য ২ ইঞ্চি কাপড় রেখে মার্জিন করুন। তারপর সেই মার্জিন থেকে প্রয়োজন অনুযায়ী লম্বার মাপ নিয়ে ২ ইঞ্চি বাড়তি কাপড় রাখুন নিচের ভাঁজের জন্য। এরপর, রাবার ভাঙার হিসাব বাদ দিয়ে হাইয়ের মাপ নিন,এরপর প্লাজোর হিপের লুজের মাপ নিন তারপর পায়ের মুখের মাপ নিবেন এই প্লাজোর কোমরের মাপ নেওয়ার প্রয়োজন নেই।





| মাপ |
|---|
| ১/ লম্বা: ৩৬ বা ৩৭ ইঞ্চি। |
| ২/ হাই: ১৩ বা সাড়ে ১৩ ইঞ্চি। |
| ৩/ লুজ: সাড়ে ১৪ বা ১৫ ইঞ্চি। |
| ৪/ পায়ের লুজ: ১০ ইঞ্চি। |
| ৫/ রাবার: ১৭ বা ১৮ ইঞ্চি। |



# ৩৯ থেকে ৪২ বডির জন্য প্যান্ট পায়জামা কাটিং

**বিশেষ নির্দেশনা:** কাপড় লাগবে ২ গজ ৪ গিরা। প্রথমে সম্পূর্ণ কাপড়টি ৪ ভাঁজ করতে হবে।এরপর রাবার ভাঙার জন্য ২ ইঞ্চি কাপড় রেখে মার্জিন করুন। তারপর সেই মার্জিন থেকে প্রয়োজন অনুযায়ী লম্বার মাপ নিয়ে ৩ ইঞ্চি বাড়তি কাপড় রাখুন নিচের ভাঁজের জন্য। এরপর রাবার ভাঙার হিসাব বাদ দিয়ে হাই নিন, এই সালোয়ারের কোমরের মাপ নেওয়ার প্রয়োজন নেই। কাপড় কম থাকলে রাবার ভাঙ্গা জয়েন দিবেন ৪০ ইঞ্চির উপরে বডি হলে কল্লি দেওয়া ভালো


| মাপ |
|---|
| ১/ লম্বা: ৩৬ বা ৩৭ ইঞ্চি। |
| ২/ হাই: সাড়ে ১৪ ইঞ্চি। |
| ৩/ লুজ: সাড়ে ১৬ ইঞ্চি। |
| ৪/ পায়ের লুজ: সাড়ে ৬ ইঞ্চি। |
| ৫/ রাবার: ২১ বা ২২ ইঞ্চি। |







# প্রিন্সেস ব্লাউজ কাটিং ৩৬ থেকে ৩৭ ইঞ্চি বড়ির


**বিশেষ নির্দেশনা:**১৩ বা ১৪ ইঞ্চি লম্বা ও থ্রি কোয়ার্টার হাতা হলে ১ গজ ৬ গিরা কাপড় লাগবে এবং সর্ট হাতা হলে মাত্র ১৪ গিরা কাপড় লাগবে। ব্লাউজের সামনের ও পিছনের পাট আলাদা করে কাটতে হয়, তাই কাপড় দুই পাটে ভাঁজ করে আলাদা করে কাটিং করবেন। এরপর হাতার কাটিং করুন। বড়ির সামনের পাট এবং হাতার সামনের অংশে তালপাট কাটতে হবে। এখানে একটি ছোট বা সামাজিক গলা দেওয়া হলো — আপনি চাইলে পছন্দ অনুযায়ী গলা বড় করে নিতে পারেন।




| মাপ |
|---|
| ১ / লম্বা: ১৪ বা ১৫ ইঞ্চি। |
| ২ / বডি: ৩৬ বা ৩৭ ইঞ্চি। |
| ৩ / কমর: ৩০ বা ৩১ ইঞ্চি। |
| ৪ / হাতার লম্বা: ১৭ ইঞ্চি। |
| ৫ / হাতার মুখ:৪.৫ ইঞ্চি। |






# কলার ব্লাউজ কাটিং ৩৪ থেকে ৩৫ ইঞ্চি বড়ির


**বিশেষ নির্দেশনা:**১৩ বা ১৪ ইঞ্চি লম্বা ও থ্রি কোয়ার্টার হাতা হলে ১ গজ ৪ গিরা কাপড় লাগবে এবং সর্ট হাতা হলে মাত্র ১৪ গিরা কাপড় লাগবে। ব্লাউজের সামনের ও পিছনের পাট আলাদা করে কাটতে হয়, তাই কাপড় দুই পাটে ভাঁজ করে আলাদা করে কাটিং করবেন। এরপর হাতার কাটিং করুন। বড়ির সামনের পাট এবং হাতার সামনের অংশে তালপাট কাটতে হবে। এখানে একটি ছোট বা সামাজিক গলা দেওয়া হলো — আপনি চাইলে পছন্দ অনুযায়ী গলা বড় করে নিতে পারেন।





| মাপ |
| --- |
| ১ / লম্বা: ১৪ বা ১৫ ইঞ্চি। |
| ২ / বড়ি: ৩৪ বা ৩৫ ইঞ্চি। |
| ৩ / কমর: ২৮ বা ২৯ ইঞ্চি। |
| ৪ / হাতার লম্বা: ১৭ ইঞ্চি। |
| ৫ / হাতার মুখ:৪.৫ ইঞ্চি। |






# স্কার্ট প্লাজো কাটিং ৩৫ থেকে ৩৮ জন্য

**বিশেষ নির্দেশনা:**কাপড় লাগবে ২ গজ ১০ গিরা। প্রথমে সম্পূর্ণ কাপড়টি ৪ ভাঁজ করতে হবে এরপর আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে। প্রথমেই রাবার ভাঙ্গার জন্য ২ ইঞ্চি কাপড় রেখে মার্জিন করুন।তারপর সেই মার্জিন থেকে প্রয়োজন অনুযায়ী লম্বার মাপ নিয়ে ১ ইঞ্চি বাড়তি কাপড় রাখুন নিচের ভাঁজের জন্য। এরপর রাবার ভাঙ্গার হিসাব বাদ দিয়ে হাই নিন।এই স্কার্ট প্লাজোর নিচে জয়েন দিয়ে পায়ের ঘের বাড়িয়ে নিবেন। ২.৫ আড়াই হাত বহরের কাপড় হলে ২ গজ ৪ গিরা কাপড় লাগবে এবং ঘের জয়েন দিতে হবে না।





| মাপ |
|---|
| ১/ লম্বা : ৩৬ বা ৩৭ ইঞ্চি। |
| ২/ হাই : ১৪ ইঞ্চি। |
| ৩/ লুজ :১৫ ইঞ্চি |
| ৫/ রাবার : ১৯ বা ২০ ইঞ্চি। |




# ৩৯ থেকে ৪২ ইঞ্চি বডির জন্য সারারা সালোয়ার কাটিং

**বিশেষ নির্দেশনা:** কাপড় লাগবে ৩ গজ প্রথমে সম্পূর্ণ কাপড়টি ৪ ভাঁজ করতে হবে এরপর আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে।প্রথমেই রাবার ভাঙ্গার জন্য ২ ইঞ্চি কাপড় রেখে মার্জিন করুন।তারপর সেই মার্জিন থেকে প্রয়োজন অনুযায়ী লম্বার মাপ নিয়ে ২ ইঞ্চি বাড়তি কাপড় রাখুন নিচের ভাঁজের জন্য। এরপর, রাবার ভাঙ্গার হিসাব বাদ দিয়ে হাই নিন। এই সারারা সালোয়ারের নিচে সাধারণত কুঁচি থাকে। কুঁচির ঘের বাড়ানোর জন্য সাইটের অতিরিক্ত কাপড় জয়েন করে নিন,তারপর কুঁচি তৈরি করুন।এই ধরনের সালোয়ারের কোমরে মাপ নেওয়ার প্রয়োজন নেই।





| মাপ |
|---|
| ১/ লম্বা: ৩৭ বা ৩৮ ইঞ্চি। |
| ২/ হাই: সাড়ে ১৪ ইঞ্চি। |
| ৩/ লুজ: সাড়ে ১৬ ইঞ্চি। |
| ৪/ পায়ের লুজ: ৯ বা ১০ ইঞ্চি। |
| ৫/ রাবার: ২১ বা ২২ ইঞ্চি। |



# ৩৪ থেকে ৩৫ ইঞ্চি বডির কামিজ কাটিং

**বিশেষ নির্দেশনা:**৪২ ইঞ্চি লম্বা অনুযায়ী কাপড় লাগবে ২ গজ ৮ গিরা, প্রথমে সম্পূর্ণ কাপড়টি লম্বায় দুই পাটে ভাঁজ করতে হবে।এর পর নিচের ঘেরের মাপ অনুযায়ী অথবা এই বডির মাপ অনুযায়ী ১২ ইঞ্চি পরিমাণ সামনের দিকে ভাঁজ দিয়ে ৪ পাট করতে হবে,এবং আটকানো পাশে দাঁড়িয়ে মাপ ও মার্জিন করতে হবে, এবং কামিজ কাটিং এর পর সাইটের বাড়তি কাপড় জয়েন দিয়ে হাতা তৈরি করতে হবে।






| মাপ |
|---|
| ১/ লম্বা: ৪০ বা ৪২ ইঞ্চি। |
| ২/ বডি: ৩৪ বা ৩৫ ইঞ্চি। |
| ৩/ কোমর: ২৯ বা ৩০ ইঞ্চি। |
| ৪/ হিপ: ৩৩ বা ৩৪ ইঞ্চি। |
| ৫/ হাতার লম্বা: ১৬ বা ১৮ ইঞ্চি। |
| ৬/ হাতার মুখ: সাড়ে ৪ ইঞ্চি। |

